

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ শাখা
www.cabinet.gov.bd

নম্বর-০৪.০০.০০০০.৫১২.৮২.০০৩.১৪-১৫০

তারিখ: ১৬ চৈত্র ১৪২১
৩০ মার্চ ২০১৫

বিষয়: সরকারি যোগাযোগের ক্ষেত্রে ই-মেইলের ব্যবহার সংক্রান্ত।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর- ০৪.০০.০০০০.৫১২.৮২.০৪১.১৪-১০ তারিখ: ০৬.০১.১৫


সরকারি যোগাযোগের ক্ষেত্রে ই-মেইলের ব্যবহার সংক্রান্ত বিষয়ে সচিবালয় নির্দেশমালা, ২০১৪-এর ১৫(৩) নম্বর অনুচ্ছেদে সুস্পষ্ট নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার যথাযথ অনুসরণ নিশ্চিতকণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে গত ০৬.০১.১৫ তারিখের ০৪.০০.০০০০.৫১২.৮২.০৪১.১৪-১০ নম্বর স্মারক জারি করা হয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন উপজেলা নির্বাহী অফিসার এ নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করছেন না।

২। এমতাবস্থায়, সরকারি যোগাযোগের ক্ষেত্রে ই-মেইলের ব্যবহার আরও ফলপ্রসূ করার স্বার্থে নিম্নোল্লিখিত কার্যক্রম গ্রহণ করার জন্য তাঁর আওতাধীন উপজেলা নির্বাহী অফিসারগণকে নির্দেশনা প্রদানের নিমিত্ত আদিষ্ট হয়ে অনুরোধ করা হল:

- (ক) প্রত্যেক উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রতিদিন নিয়মিতভাবে মেইল চেক করা;
- (খ) প্রয়োজনীয় মেইলগুলির প্রিন্ট নিয়ে সংশ্লিষ্ট নথিতে কার্যক্রম গ্রহণ এবং কম্পিউটারেও এ বিষয়ে একটি ফাইল খুলে সেখানে সংরক্ষণ করা;
- (গ) অপ্রয়োজনীয় মেইল বিলোপ (delete) করে মেইল বক্সের মেমরিতে পর্যাপ্ত স্থান (space) ফাঁকা রাখা; এবং
- (ঘ) সম্ভাব্য ন্যূনতম সময়ে প্রতিটি সরকারি মেইলের প্রাপ্তি স্বীকার (acknowledgement) করা।

৩। প্রয়োজনবোধে সচিবালয় নির্দেশমালা, ২০১৪-এর কপি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব-সাইট থেকে ডাউনলোড করা যেতে পারে।

সংযুক্ত: বর্ণনামতে এক পৃষ্ঠা।


(মঈনউল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৫৪৪৭

ই-মেইল: dfal_sec@cabinet.gov.bd

- ১। বিভাগীয় কমিশনার (সকল)
- ২। জেলা প্রশাসক (সকল)

অনুলিপি:

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৩। প্রোগ্রামার, কম্পিউটার সেল, মন্ত্রিপরিষদ বিভাগ-মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।